

## অষ্টম অধ্যায়
# হিন্দুধর্ম ও নৈতিক মূল্যবোধ

### ◘ শূন্যস্থান পূরণ কর--------------------------------//

১. অর্জিত জ্ঞানকে বাস্তবে —— করতে হয়।
২. উদারতা মানবচরিত্রকে —— করে।
৩. সৎসাহস —— বাড়ায়।
৪. পরমতসহিষ্ণুতা সমাজে —— প্রতিষ্ঠার অন্যতম উপাদান।
৫. ‘মাদক সেবন মহাপাপ’–এ ধর্মীয় অনুশাসন —— চলব।

**উত্তর :** ১. প্রয়োগ ২. উন্নত ৩. মনোবল ৪. শৃঙ্খলা ৫. মেনে

### ◘ ডান পাশ থেকে শব্দ বা বাক্যাংশ নিয়ে বাম পাশের সাথে মিল কর : --------------------------------------//

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. ধর্ম কেবল আনুষ্ঠানিকতায় | আত্মতৃপ্তি আছে। |
| ২. উদার চরিত্রের ব্যক্তিদের কাছে | নানারকমের রোগ হয়। |
| ৩. পরোপকার করার মধ্যে এক ধরনের | অন্যতম উৎস। |
| ৪. মাদক সেবন করলে | পৃথিবীর সকলেই ইষ্টিকুটুম। |
| | সীমাবদ্ধ নয়। |

**উত্তর :**

১. ধর্ম কেবল আনুষ্ঠানিকতায় **সীমাবদ্ধ নয়।**
২. উদার চরিত্রের ব্যক্তিদের কাছে **পৃথিবীর সকলেই ইষ্টিকুটুম।**
৩. পরোপকার করার মধ্যে এক ধরনের **আত্মতৃপ্তি আছে।**
৪. মাদক সেবন করলে **নানারকমের রোগ হয়।**

### ◘ নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও ---------------//

**প্রশ্ন ॥ ১ ॥ ‘নৈতিক শিক্ষা ধর্মীয় শুভ চেতনাকে জাগ্রত করে’– উক্তিটি দৃষ্টান্ত দিয়ে ব্যাখ্যা কর।**

**উত্তর :** নৈতিক শিক্ষা ধর্মীয় শুভ চেতনাকে জাগ্রত করে কথাটি যথার্থ। কারণ নৈতিক শিক্ষার মাধ্যমে মানুষ অনেক গুণাবলি অর্জন করে। যেমন : সৎপথে চলা, সত্য কথা বলা, আত্মসংযমী হওয়া। এর মধ্য দিয়ে প্রকৃতপক্ষে ধর্মীয় চেতনাবোধ জাগ্রত হয়। উদাহরণস্বরূ প বলা যেতে পারে, জীবের দয়া করা এটা যেমন একদিকে নৈতিকতা শিক্ষা দেয় অন্যদিকে ধর্মীয় মনোভাব জাগিয়ে তোলে।

**প্রশ্ন ॥ ২ ॥ উদারতার ধারণাটি উদাহরণসহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** উদারতা একটি মহৎ গুণ। এটি দ্বারা উদারভাব বোঝায়। উদার শব্দটি মহানুভবতা বা সাধুতাকে বোঝায়। উদারতা আমাদের চরিত্রকে উন্নত করে। মনে শান্তি বয়ে আনে। উদারতার কারণে আমরা সবাইকে আপন ভাবতে শিখি। সবার উপকারের জন্য আত্মনিয়োগে ব্রতী হই। উদাহরণস্বরূপ ঋষি বশিষ্ঠের বিশ্বামিত্রের প্রতি বার বার মহানুভবতা’ যা উদারতারই পরিচয় দেয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ কীভাবে পরোপকার করা যায়? দৃষ্টান্ত সহকারে ব্যাখ্যা কর।**

**উত্তর :** পরোপকার বলতে পরের বা অন্যের উপকার করাকে বোঝায়। আমরা নানাভাবে অন্যের উপকার করতে পারি। যেমন : যে কারো বিপদে সাহায্য করতে পারি। অসহায় দরিদ্রকে টাকা দিতে পারি। আশ্রয়হীনকে আশ্রয় দিতে পারি। যে কেউ অসুস্থ হলে তাকে সেবা করতে পারি। কেউ পথ–ঘাট পার হতে না পারলে তাকে সহায়তা করতে পারি। পরোপকার একটি মহৎ গুণ। আমরা এ গুণটি নিজেদের জীবনে অনুশীলন করব।

**প্রশ্ন ॥ ৪ ॥ ন্যায় প্রতিষ্ঠায় সৎসাহসের গুরুত্ব দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** ন্যায় প্রতিষ্ঠায় সৎসাহসের গুরুত্ব অনেক। যে কোনো অন্যায়ের বিরুদ্ধে সাহসের সঙ্গে সংগ্রাম করাই সৎসাহসের পরিচায়ক। দেশকে রক্ষার জন্য প্রবীর ও বিদুলা প্রমুখ ব্যক্তিদের সাহসিকতাকে সৎসাহস বলা হয়। এ ধরনের সাহসিকতা সর্বক্ষেত্রে অন্যায় দূর করে ন্যায় প্রতিষ্ঠার জন্য বিশেষভাবে প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৫ ॥ মাদক সেবনে দেহের কী ক্ষতি হতে পারে?**

**উত্তর :** মাদক সেবনে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় আমাদের দেহ। মাদক সেবনে আমাদের রোগ প্রতিরোধ ক্ষমতা ধ্বংস হতে থাকে। কিডনি নষ্ট হতে পারে, হৃৎপিণ্ড ক্ষতিগ্রস্ত হতে পারে। এছাড়া খাবারে অরুচি, বদহজম, শ্বাসনালির ক্ষতি, হাঁপানি, ফুসফুসের ক্যান্সার ইত্যাদি অসুখ হতে পারে। এভাবে আমরা মৃত্যুমুখে পতিত হতে পারি।

### ◘ নিচের প্রশ্নগুলোর উত্তর দাও ---------------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ ধর্ম ও নৈতিক শিক্ষার পারস্পরিক সম্পর্ক উদাহরণসহ ব্যাখ্যা কর।**

**উত্তর :** ধর্ম ও নৈতিক শিক্ষার মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান। প্রতিটি ধর্মই আমাদের নৈতিক শিক্ষা দেয়। নৈতিক শিক্ষা অর্জন না করতে পারলে ধর্ম পালন যথার্থ হয় না। নৈতিকতা মানুষকে ধর্মপথে পরিচালিত করে। ধার্মিক ব্যক্তিদের জীবনাদর্শ থেকে আমরা প্রমাণ পাই যে, তাদের চরিত্র নৈতিক শিক্ষায় পরিপূর্ণ। নৈতিকতা না থাকলে কেউ সৎ ও ধার্মিক হতে পারে না। উদাহরণস্বরূ প, যে ব্যক্তি অন্যের ক্ষতি করে, পরের মঙ্গল চায় না, সে কখনই ধর্মের স্বাদ পায় না। ঈশ্বর তাকে কৃপা করেন না। তাই আমাদের সবাইকে ধর্মীয় অনুশাসন মেনে চলতে হলে অবশ্যই নৈতিক শিক্ষা গ্রহণ করতে হবে। এ শিক্ষা নিজের জীবনে কাজে লাগাতে হবে।

**প্রশ্ন ॥ ২ ॥ সমাজ ও ব্যক্তিজীবনে উদারতা অনুশীলনের প্রভাব বিশ্লেষণ কর।**

**উত্তর :** উদারতা একটি মহৎ গুণ। উদারতা মানুষকে মহৎ হতে শেখায়। এ গুণটির কারণে আমরা ব্যক্তি ও সমাজজীবনে শান্তি ও সমৃদ্ধি লাভ করতে সক্ষম হই। ব্যক্তিজীবনে শান্তিপূর্ণ পরিবেশ পাই। আমাদের সবার জীবনে এর ইতিবাচক প্রভাব পড়ে। উদারতার অনুশীলনের মাধ্যমে আমরা সমাজ ও ব্যক্তিজীবন সুন্দর করতে পারি। সমাজে একে অন্যের প্রতি সহানুভূতিশীল হতে পারি। সমাজ ও ব্যক্তিজীবন সুন্দর করে গড়তে আমরা উদারতা অনুশীলন করব।

**প্রশ্ন ॥ ৩ ॥ সমাজজীবনে পরোপকারের উপায় চিহ্নিত করে প্রয়োগ দেখাও।**

**উত্তর :** সমাজজীবনে পরোপকারের ভূমিকা অনেক। আমরা নিম্নরূ প উপায়ে পরোপকার করে সমাজজীবনকে সুন্দর ও কল্যাণকর করতে পারি–

১. সমাজে দরিদ্রদের আর্থিক সহায়তা করা; ২. দুর্বলদের প্রতি সবলদের অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করা; ৩. সকলের সমান অধিকার নিশ্চিত করা; ৪. অন্যের বিপদে সহায়তা করা; ৫. প্রতিবন্ধীদের নিরাপদ জীবন নিশ্চিত করা।

**প্রশ্ন ॥ ৪ ॥ মাদক সেবনের আর্থ–সামাজিক প্রভাব বিশ্লেষণ কর।**

**উত্তর :** মাদক সেবন জীবনের জন্য হুমকিস্বরূ প। এর ৰতিকর দিক আর্থ–সামাজিক প্রভাব রয়েছে। মাদক সেবনের মাধ্যমে লোকেরা তাদের অর্থের অপচয় করে। এছাড়াও মাদক সেবনে বিভিন্ন রোগের সৃষ্টি হয় যা ব্যক্তিতে মৃত্যুর মুখে ঠেলে দিতে পারে। সমাজে মাদক সেবনের ক্ষতিকর দিক অনেক। মাদক সেবনের মাধ্যমে সমাজের অন্যরাও এর প্রতি আকৃষ্ট

হয়। এটি সমাজের সুষ্ঠু বিকাশের পক্ষে ব্যাপক ক্ষতিকর। এর কারণে সমাজে অনেক অনৈতিক কর্মকাণ্ড ঘটে। সুতরাং বলা যায়, মাদক সেবনের উল্লেখযোগ্য আর্থসামাজিক প্রভাব রয়েছে। এজন্য মাদক সেবনের বিপক্ষে ব্যক্তি ও সমাজের এগিয়ে আসা দরকার।

**১. আত্মত্যাগের নৈতিক চেতনাকে কী বলে?**
ক) পরোপকার ● উদারতা গ) সত্যবাদিতা ঘ) কর্তব্যনিষ্ঠা

**২. সৎসাহস বলতে বোঝায়—**
i. কোনো কাজে ভয় না পাওয়া
ii. জীবনের ঝুঁকি নিয়ে বিপদ মোকাবিলা করা
iii. দুর্বলের পক্ষে ন্যায়ের জন্য লড়াই করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ● i, ii ও iii

**৩. 'যত মত, তত পথ'—এটি কার বাণী?**
ক) শ্রী রামচন্দ্র ● শ্রী রামকৃষ্ণ
গ) শ্রী বিজয় কৃষ্ণ ঘ) শ্রী রামপ্রসাদ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সাধন মুখার্জী গত দুর্গোৎসবে বিজয়াদশমীর দিন মধ্যাহ্নভোজে গ্রামের সকল স্তরের মানুষকে নিমন্ত্রণ করেন এবং তাদের সাথে বসে তিনিও আহার করেন। এতে প্রতিবেশী সুখেন চক্রবর্তী মুগ্ধ হয়ে তাঁর আচরণ অনুশীলনে উদ্বুদ্ধ হন।

**৪. সাধন মুখার্জীর আচরণে কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
ক) ক্ষমা খ) সৎসাহস ● উদারতা ঘ) পরোপকার

**৫. উক্ত গুণটির অনুশীলনে সুখেনের করণীয়—**
ক) ভুলের জন্যে কাউকে শাস্তি না দেওয়া
খ) জীবনের ঝুঁকি নিয়ে বিপদ মোকাবিলা
● সকল মানুষকে সমান মর্যাদা প্রদান
ঘ) পরের মঙ্গলে স্বার্থ ত্যাগ।

## পাঠ-১ : ধর্ম ও নৈতিক শিক্ষার পারস্পরিক সম্পর্ক ■ পৃষ্ঠা-৬৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬. ধর্মের লক্ষণ কয়টি?** (জ্ঞান)
ক) ৭ খ) ৮ গ) ৯ ● ১০

**৭. ধার্মিক কে?** (জ্ঞান)
● নৈতিক গুণসম্পন্ন ব্যক্তি খ) সম্পদশালী ব্যক্তি
গ) জ্ঞানী ব্যক্তি ঘ) বিবেকবান ব্যক্তি

**৮. নৈতিক শিক্ষার উপায় কী?** (জ্ঞান)
ক) সম্পদ ● ধর্ম গ) জ্ঞান ঘ) সৌন্দর্য

**৯. নৈতিক শিক্ষা অর্জন করা যায় কীভাবে?** (অনুধাবন)
ক) ধর্মাচারের মধ্য দিয়ে ● ধর্ম পালনের মধ্য দিয়ে
গ) ধর্মগ্রন্থ পাঠের মধ্য দিয়ে ঘ) পূজা–পার্বণের মধ্য দিয়ে

**১০. ঈশ্বর জীবের মধ্যে অবস্থান করেন কীভাবে?** (অনুধাবন)
ক) জ্ঞানরূপে খ) পাখিরূপে ● আত্মারূপে ঘ) শক্তিরূপে

**১১. পারুল ধর্মের দশটি লক্ষণ বই পড়ে জানতে পেরেছে। সেগুলো কোথায় প্রয়োগ করবে?** (প্রয়োগ)
ক) সমাজে খ) ঘরে গ) বাইরে ● ব্যক্তি ও সমাজে

**১২. দেবযানীর বিশ্বাস জীবের মধ্যে আত্মারূপে ঈশ্বর আছেন। এর ফলে সে কী লাভ করবে?** (উচ্চতর দক্ষতা)
● ধর্মীয় জ্ঞান খ) সম্পদ গ) যোগ্যতা ঘ) সৌন্দর্য

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩. ধর্মের লক্ষণ হলো—** (অনুধাবন)
i. সত্য ii. সংযম iii. ক্ষমা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
প্রেমার মধ্যে কিছু গুণ পরিলক্ষিত হচ্ছে। এগুলো এক–একটি নৈতিক গুণ। এরূপ গুণের কারণে সবাই তাকে ভালোবাসে।

**১৪. উদ্দীপকের প্রেমাকে কী বলা যাবে?** (প্রয়োগ)
● ধার্মিক খ) জ্ঞানী গ) গুণী ঘ) গুরুজন

**১৫. এরূপ গুণের কারণে প্রেমা—** (উচ্চতর দক্ষতা)
i. মানুষের ভালোবাসা পাবে ii. শ্রদ্ধা পাবে iii. সম্পদ পাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

## পাঠ-২ : উদারতা ■ পৃষ্ঠা-৬৭ ও ৬৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬. উদার শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● মহান খ) সাহস গ) শক্তি ঘ) সততা

**১৭. উদারতা ধর্মের কী?** (জ্ঞান)
ক) বৈশিষ্ট্য ● অঙ্গ গ) গুণ ঘ) আধার

**১৮. উদারতা চরিত্রের কী?** (জ্ঞান)
ক) জ্ঞান খ) সম্পদ ● মহত্ত্ব ঘ) সাহস

**১৯. উদারতা মনকে প্রশান্তিতে ভরিয়ে দেয় কেন?** (অনুধাবন)
● দেওয়ার আনন্দে খ) সম্মানের কারণে
গ) সাধুতার কারণে ঘ) আত্মীয়তার কারণে

**২০. আমাদের মন সংকীর্ণ হয় কেন?** (অনুধাবন)
ক) ঝগড়ার কারণে খ) চিন্তার কারণে
● ব্যক্তিস্বার্থের কারণে ঘ) মননশীলতার কারণে

**২১. জয়া নিজের সুখের কথা চিন্তা করে। কোনো লোক তার নিকট সাহায্যে চাইলে সাহায্য করে না। তার মধ্যে কোনটি কাজ করে?** (প্রয়োগ)
● ব্যক্তিস্বার্থ খ) কুচিন্তা গ) পবিত্রতা ঘ) হিংসা

**২২. জয়ার এই মনোভাবের কারণে সমাজে সে কী হিসেবে পরিচিত হবে?** (উচ্চতর দক্ষতা)
ক) দেশপ্রেমিক ● স্বার্থপর গ) বিনয়ী ঘ) মিথ্যুক

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৩. যারা সাধু এবং মহান তারা সব মানুষকে—** (অনুধাবন)
i. সমানভাবে দেখেন ii. সমানভাবে হিংসা করেন
iii. সমান মর্যাদা দেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৪. উদারতা চরিত্রের—** (অনুধাবন)
i. মহত্ত্ব ii. গুণ iii. শিক্ষা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
জুবিলী মেডিকেলে পড়ে। পূজার ছুটিতে একবার বাড়িতে গিয়ে দেখেন সেখানকার লোকেরা অসুস্থতায় ভুগছে। সে তাদের চিকিৎসা দিয়ে ভালো করে তোলে।

২৫. **জুবিলীর আচরণে কী প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ক ধর্মান্ধতা ● উদারতা গ স্বার্থচিন্তা ঘ আত্মশুদ্ধিতা

২৬. **এরূপ চিকিৎসা দানের ফলে জুবিলী হবে—** (উচ্চতর দক্ষতা)
i. উদার ii. স্বার্থপর iii. মহৎ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## পাঠ-৩ ও ৪ : পরোপকার ও সেবা ■ পৃষ্ঠা- ৬৮ ও ৬৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৭. **উপকার শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক সেবা করা খ যত্ন করা ● ভালো করা ঘ উন্নতি করা

২৮. **পরের ভালো করার নাম কী?** (জ্ঞান)
ক উদারতা খ উপকার ● পরোপকার ঘ নৈতিকতা

২৯. **পরোপকারে আত্মতৃপ্তি পাওয়ার পেছনে কোন ধরনের কারণ রয়েছে?** (জ্ঞান)
ক উদার ● জীবের সেবা গ উপকার ঘ নৈতিকতা

৩০. **পরোপকারী এবং উপকৃত ব্যক্তির মধ্যে সম্বন্ধ কেমন?** (অনুধাবন)
● প্রীতির বন্ধন খ নিবিড় গ ভালোবাসার ঘ স্নেহের

৩১. **পরোপকার করলে সমাজের মঙ্গল হয়। উক্তিটি কী প্রমাণ করে?** (উচ্চতর দক্ষতা)
ক ধর্মের বৈশিষ্ট্য খ জগতের কল্যাণ
● নৈতিক গুণের বিকাশ ঘ নৈতিকতা অর্জন

৩২. **রক্ষাদেবী বিপিনের জ্বরের সময় ডাক্তার ডেকে আনে। রক্ষাদেবীর আচরণে কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ক সহিষ্ণুতা খ ত্যাগ ● পরোপকার ঘ ক্ষমাশীলতা

৩৩. **পরোপকার বলতে কী বুঝায়?** (অনুধাবন)
ক নিজের উপকার করা ● পরের জন্য কাজ করা
গ জীবে দয়া করা ঘ উপকারীর উপকার করা

৩৪. **কা জ্ঞানে জীব সেবা করবে?** (জ্ঞান)
ক ব্রহ্মা খ বিষ্ণু গ দুর্গা ● শিব

৩৫. **মাতৃভূমির সেবা করা উচিৎ কেন?** (অনুধাবন)
ক আমরা এখানে বাস করি বলে ● মাতৃভূমি মায়ের মতো বলে
গ আমরা বড় হই বলে ঘ মাতৃভূমি গুরুত্ব অপরিসীম বলে

৩৬. **'জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর' – উক্তিটি কার?** (জ্ঞান)
ক শ্রীরামকৃষ্ণের খ প্রভু জগদ্বন্ধুর ● বিবেকানন্দের ঘ সারদা দেবীর

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৭. **সেবা বলতে বোঝায়—** (অনুধাবন)
i. নিজের ক্ষতি করা ii. অন্যের যত্ন করা
iii. অন্যের পরিচর্যা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের পদ্যাংশটি পড়ে ৩৮ ও ৩৯নং প্রশ্নের উত্তর দাও :**
পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলই দাও,
তার মতো সুখ কোথাও কি আছে
আপনার কথা ভুলিয়া যাও।

৩৮. **উক্ত কবিতার লাইনগুলো কোন কবির লেখা?** (প্রয়োগ)
● কামিনী রায় খ রবীন্দ্রনাথ ঠাকুর গ জীবনানন্দ দাস ঘ সত্যেন্দ্রনাথ দত্ত

৩৯. **কবি বোঝাতে চেয়েছেন প্রকৃত সুখ নিহিত আছে—** (উচ্চতর দক্ষতা)
● পরের সুখের মধ্যে খ ব্যক্তির স্বার্থের মধ্যে
গ অপরকে বঞ্চিত করার মধ্যে ঘ ভোগের মধ্যে

## পাঠ-৫ : সৎসাহস ■ পৃষ্ঠা-৭০

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪০. **নিজের বিপদ হবে জেনেও কল্যাণ কাজে ঝাঁপিয়ে পড়ায় প্রবৃত্তির নাম কী?** (জ্ঞান)
ক ভয় ● সৎসাহস গ দুঃসাহস ঘ লড়াই

৪১. **নিচের কোনটি মনোবল বাড়ায়?** (অনুধাবন)
ক ভয় খ লড়াই ● সৎসাহস ঘ পরোপকার

৪২. **বাংলাদেশ স্বাধীন করার জন্য কারা সৎসাহস দেখিয়েছিলেন?** (জ্ঞান)
● মুক্তিযোদ্ধা | হানাদার বাহিনী | রাজাকার | আল-বদর

৪৩. **সবলেরা যখন দুর্বলের উপর অত্যাচার চালায় নিমাই সবসময় দুর্বলের পক্ষে দাঁড়ায়। নিমাই কোন গুণটির অধিকারী?** (প্রয়োগ)
● সৎসাহস খ সহিষ্ণুতা গ তিতিক্ষা ঘ সেবা

৪৪. **সৌমিত্রের দাদা মুক্তিযুদ্ধে অংশ নিয়ে দেশকে রক্ষা করেছিলেন। সৌমিত্রের দাদার মধ্যে কোন গুণটি ছিল?** (প্রয়োগ)
● স্বদেশপ্রেম খ সহিষ্ণুতা গ সংযম ঘ ক্ষমা

৪৫. **কেন সৎসাহস প্রয়োজনীয়?** [ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
● ন্যায়বিচারের জন্য খ ধর্মের জন্য
গ পরোপকারের জন্য ঘ দানশীলতার জন্য

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **সৎসাহসের কথা বলা হয়েছে—** (অনুধাবন)
i. মহাভারতে ii. রামায়ণে iii. পুরাণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৭. **হিন্দুধর্মে সৎসাহসের মূর্ত প্রতীক—** [যশোর জিলা স্কুল]
i. অভিমন্যু ii. প্রবীর iii. বিদুলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৮. **যেকোনো ভালো কাজে সৎসাহস দেখানো—** (উচ্চতর দক্ষতা)
i. ধর্মের অঙ্গ ii. নৈতিকতার বহিঃপ্রকাশ iii. লড়াইয়ের সমান
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের পদ্যাংশটি পড়ে ৪৯ ও ৫০নং প্রশ্নের উত্তর দাও :**
নির্মল সকল প্রতিকূল পরিবেশের বিরুদ্ধে লড়াই করেন এবং দুর্বলের পাশে দাঁড়ান। তিনি কোনো কিছুতে ভয় পান না।

৪৯. **নির্মলের চরিত্রের মধ্যে কোন গুণটির প্রকাশ ঘটেছে?** (প্রয়োগ)
● সৎসাহস খ উদারতা গ সহিষ্ণুতা ঘ ক্ষমাশীলতা

৫০. **নির্মলের সৎসাহস তার—** (উচ্চতর দক্ষতা)
i. মনোবল বাড়াবে ii. নির্ভীক হতে সাহায্য করবে
iii. কাজে মনোযোগ বাড়াবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## পাঠ-৬ : পরমতসহিষ্ণুতা ■ পৃষ্ঠা-৭০ ও ৭১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫১. **অন্যের মতের প্রতি সহনশীল হওয়াকে কী বলে?** (জ্ঞান)
● পরমতসহিষ্ণুতা খ উদারতা
গ ক্ষমাশীলতা ঘ কর্তব্যনিষ্ঠা

৫২. **পৃথিবীতে কত মত ও পথ আছে?** (জ্ঞান)
ক অল্প ● অনেক গ দশ ঘ বিশ

৫৩. **মতান্ধতা জন্ম দেয় ধর্মান্ধতার। উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (উচ্চতর দক্ষতা)
● অন্যের মতকে খাটো করে না দেখা খ মতের বিরোধ

ⓖ ধর্ম নিয়ে বিরোধ ⓘ ধর্মমতের প্রাধান্য দেওয়া

৫৪. লাকী অন্যের মতকে শ্রদ্ধা করে না। তার মধ্যে কোনটির অভাব রয়েছে? (প্রয়োগ)
ⓚ সৎসাহস ⓛ পরোপকার
● পরমতসহিষ্ণুতা ⓘ যোগ্যতা

৫৫. আমরা অন্যের মতকে শ্রদ্ধা করব কেন? (অনুধাবন)
ⓚ সিদ্ধান্ত গ্রহণের জন্য ⓛ ভদ্রতার জন্য
ⓖ সৃজনশীলতার জন্য ● অন্যকে শ্রদ্ধা করার জন্য

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৬. পরমতসহিষ্ণুতার অন্যতম উদাহরণ হলো— (অনুধাবন)
i. জীবন ii. সম্প্রীতি iii. শান্তি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

৫৭. "যত মত, তত পথ"— উক্তিটির তাৎপর্য— (উচ্চতর দক্ষতা)
i. পরমতসহিষ্ণুতা ii. সহনশীলতা iii. পরোপকার
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i ও ii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৫৮ ও ৫৯নং প্রশ্নের উত্তর দাও :**
সুমন বাবু একটি অফিসের বড় কর্মকর্তা। তিনি তার অধীনস্থ অন্যান্য কর্মকর্তার সাথে পরামর্শ করেই সকল কাজকর্ম করেন এবং তাদের মতের প্রাধান্য দেন। সকলের মতের প্রাধান্য দেওয়ায় অফিসের সকল কর্মকর্তা তাকে শ্রদ্ধা করেন।

৫৮. সুমন বাবুর কর্মকাণ্ডে কোন নৈতিক গুণটি পরিলক্ষিত হয়? (প্রয়োগ)
● পরমতসহিষ্ণুতা ⓛ পরোপকার ⓖ উদারতা ⓘ কর্তব্যনিষ্ঠা

৫৯. উক্ত গুণটি থেকে শিক্ষা নিয়ে আমরা— (উচ্চতর দক্ষতা)
i. সমাজে সম্প্রীতি ও শৃঙ্খলা বজায় রাখতে পারি
ii. সাম্প্রদায়িকতা ও সংকীর্ণতা থেকে দূরে থাকতে পারি
iii. সমাজের বিরোধ, হানাহানি বন্ধ করতে পারি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

# পাঠ-৭ : উদারতা, পরোপকার, সেবা, সৎসাহস ও পরমতসহিষ্ণুতা-এ নৈতিক গুণগুলো অনুশীলনের গুরুত্ব ও উপায় ■ পৃষ্ঠা-৭১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬০. উদারতা মানুষকে কী করে? [যশোর জিলা স্কুল]
ⓚ সম্পদশালী করে ● মহান করে
ⓖ সাহসী করে ⓘ সুশৃঙ্খল করে

৬১. কোনটি উদার ব্যক্তির বৈশিষ্ট্য? (অনুধাবন)
● পরোপকার করা ⓛ টাকা ধার দেওয়া
ⓖ অপকার করা ⓘ স্বার্থপরতা

৬২. পাপিল সরকার চণ্ডালের ছেলেকে সাহায্য করে। তার এরকম আচরণ কিসের পরিচায়ক? (প্রয়োগ)
ⓚ দান ⓛ মহত্ত্ব ● উদারতা ⓘ ভালোবাসা

৬৩. পরীবানু গরিব হওয়া সত্ত্বেও নিজেকে বঞ্চিত ভাবেন না। এর প্রকৃত কারণ কী? (উচ্চতর দক্ষতা)
● উদারতা ⓛ পরমতসহিষ্ণুতা ⓖ বিনয় ⓘ দয়া

৬৪. পরোপকার কাকে বলে? (অনুধাবন)
ⓚ মানুষকে সাহায্য করা ⓛ মানুষের বাড়িতে খাদ্য পাঠানো
● মানুষের মঙ্গলের জন্য কাজ করা ⓘ মানুষকে টাকা ধার দেওয়া

৬৫. সজীবের সহপাঠীর পরীক্ষার ফি সজীব দিয়ে দেয়। সজীবের আচরণে কী প্রকাশ পেয়েছে? (প্রয়োগ)
ⓚ পরমতসহিষ্ণুতা ⓛ একতা ⓖ দয়া করা ● পরোপকার

৬৬. সজীবের এরূপ কাজের ফলে সমাজে কী সৃষ্টি হবে? (উচ্চতর দক্ষতা)
● প্রীতির বন্ধন ⓛ শিষ্টাচার ⓖ আদব ⓘ পরমতসহিষ্ণুতা

৬৭. সাহস মানে কী? (জ্ঞান)
ⓚ সৎসাহস ● ভয় না পাওয়া ⓖ পাহাড়ে উঠা ⓘ সাপ ধরা

৬৮. মানবজীবনে সৎসাহস প্রয়োজন কেন? (অনুধাবন)
ⓚ শিক্ষার জন্য ⓛ কঠিন কাজ করার জন্য
● মনোবল বাড়াতে ⓘ রোজগারের জন্য

৬৯. পাবেল বন্ধুদের সাথে সাঁতার কাটতে অপরাগতা প্রকাশ করে। তার মধ্যে কোনটির অভাব রয়েছে? (প্রয়োগ)
ⓚ শক্তি ⓛ ভয় ⓖ দুর্বলতা ● সৎসাহস

৭০. পাবেলের এরূপ ভীরুতার ফলে তার জীবন কেমন হবে? (উচ্চতর দক্ষতা)
● ব্যর্থ ⓛ সফল ⓖ অপারগ ⓘ বিনয়ী

৭১. আমরা অন্যের মতকে উপেক্ষা করি কেন? (অনুধাবন)
ⓚ অহংকারের কারণে ● পরমতসহিষ্ণুতার অভাবে
ⓖ বুদ্ধিমত্তার অভাবে ⓘ দয়ার অভাবে

৭২. অন্যের মতকে শ্রদ্ধা করা কী? (জ্ঞান)
ⓚ বুদ্ধিমত্তা ⓛ উদারতা ● পরমতসহিষ্ণুতা ⓘ বিনয়

৭৩. বাঁধন রায়কে তার বন্ধুরা কিছু বিষয়ে পরামর্শ দেয়। কিন্তু সে কারও পরামর্শ গ্রহণ করে না। তার মধ্যে কোনটির অভাব রয়েছে? (প্রয়োগ)
ⓚ দয়া ⓛ পরোপকারিতা ⓖ নম্রতা ● পরমতসহিষ্ণুতা

৭৪. বাঁধন রায়ের এরূপ আচরণের ফলে বন্ধুদের সাথে তার সম্পর্ক কেমন হবে? (উচ্চতর দক্ষতা)
● অবনতি ⓛ আস্থাপূর্ণ ⓖ উন্নতি ⓘ অনৈতিক

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৫. উদার ব্যক্তির চিন্তা— (অনুধাবন)
i. অন্যের স্বার্থ ii. অন্যের উপকার iii. নিজের চিন্তা
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭৬. পরোপকারের মাধ্যমে প্রকাশ পায়— (উচ্চতর দক্ষতা)
i. জীবসেবা ii. ঈশ্বরের সেবা iii. উদারতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৭. সৎসাহস মানুষের— (অনুধাবন)
i. মনোবল বাড়ায় ii. স্মৃতিশক্তি বাড়ায়
iii. প্রতিকূল পরিবেশের মুখোমুখি দাঁড়াতে শেখায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭৮. পৃথিবীতে অনেক— (অনুধাবন)
i. মত আছে ii. পথ আছে iii. ধর্মমতের উদ্ভব ঘটেছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৯– ৮০নং প্রশ্নের উত্তর দাও :**
সত্যকাম পৃথিবীর সবাইকে আপন মনে করে। মানুষের বিপদাপদে এগিয়ে আসে। স্থানীয় জমিদার অন্যায়ভাবে এক গরিব লোকের উপর অত্যাচার করলে সত্যকাম জোর প্রতিবাদ জানায়।

৭৯. উদ্দীপকে সত্যকাম পৃথিবীর সবাইকে আপন মনে করে কোন গুণটির কারণে? (প্রয়োগ)
● উদারতা ⓛ দয়া
ⓖ পরমতসহিষ্ণুতা ⓘ উপকার

৮০. সত্যকামের প্রতিবাদ করার দ্বারা প্রকাশ পায়— (উচ্চতর দক্ষতা)
i. সৎসাহস ii. পরমতসহিষ্ণুতা iii. পরোপকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

# পাঠ-৮ : মাদক সেবন অনৈতিক কাজ ■ পৃষ্ঠা-৭২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮১. মাদক সেবনে কী হয়? (জ্ঞান)

● নেশা ⓪ স্বাস্থ্য ⓖ উপকার ⓘ বিদ্যা

৮২. **মাদকাসক্ত ব্যক্তি অন্যায় কাজে লিপ্ত হয় কেন?** (অনুধাবন)
ⓚ রাগ করে ● বিবেকবুদ্ধি লোপ পায় বলে
ⓖ ইচ্ছায় ⓘ অনিচ্ছায়

৮৩. **রমণ পানি জাতীয় কিছু একটা খেয়ে ঘরের টিভি, ফ্রিজ ও আসবাবপত্র ভাঙা শুরু করে। সে কোন বস্তুটি পান করেছে?** (প্রয়োগ)
● মাদক ⓪ পান ⓖ ফলের জুস ⓘ মিঠাই

৮৪. **রমণের এরূপ করার ফলে সমাজে কী সৃষ্টি হবে?** (উচ্চতর দৰতা)
ⓚ ভয় ⓪ শোক ⓖ তাপ ● অশান্তি

৮৫. **কোন কাজ থেকে আমাদের বিরত থাকতে হবে?** (জ্ঞান)
ⓚ ওষুধ সেবন ⓪ উপকার করা ● মাদক সেবন ⓘ সহিষ্ণু হওয়া

৮৬. **মাদক সেবনে কী হয়?** (জ্ঞান)
শরীর সুস্থ থাকে ● ফুসফুসে ক্যান্সার | ক্যান্সার প্রতিরোধ | মনোবল বাড়ে

৮৭. **মাদকসেবী কেমন?** (জ্ঞান)
ⓚ মহাজ্ঞানী ⓪ ধনী ⓖ শক্তিধর ● মহাপাপী

৮৮. **বিবেক–বুদ্ধি লোপ পায় কখন?** (অনুধাবন)
● মাদকাসক্ত অবস্থায় | ঘুমন্ত অবস্থায় | মন খারাপ থাকলে | শক্তি ফুরোলে

৮৯. **মাদকসেবীকে প্রতিদিন প্রচুর অর্থ খরচ করতে হয় কেন?** (অনুধাবন)
ⓚ পরিবারের চাহিদা মেটাতে ● মাদকদ্রব্য ক্রয়ের জন্য
ⓖ ওষুধ ক্রয়ের জন্য ⓘ ক্রয় খরচ বেড়ে যাওয়ায়

৯০. **সুপ্তি মাদকদ্রব্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে নিচের কোনটি খুঁজে পেল?** (প্রয়োগ)
ⓚ উভয়েই ভুক্তভোগী ⓪ উভয়েই মনোরঞ্জন করছে
ⓖ উভয়েই উপার্জন করছে ● উভয়েই সমান পাপী

৯১. **'মাদককে না বলব, নীতিধর্ম মেনে চলব'।– উক্তিটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
● মাদক গ্রহণ না করার প্রতিজ্ঞা ⓪ নীতিধর্ম অনুসরণ করা
ⓖ উপদেশ মানা ⓘ নৈতিকতামূলক কাজ করা

৯২. **'মাদক সেবন মহাপাপ'– এর যথার্থ কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ দেহের ৰতি করে ● দেহ ও মনের ৰতি করে
ⓖ নৈতিক অধঃপতন ঘটে ⓘ সম্পর্ক খারাপ হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯৩. **মাদক সেবন ক্ষতিকারক–** (অনুধাবন)
i. দেহের জন্য ii. আর্থিক দিক থেকে iii. সমাজের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓪ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৯৪. **মাদকদ্রব্যগুলো হলো–** (অনুধাবন)
i. মদ ii. হেরোইন iii. প্যাথেড্রিন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓪ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৯৫. **মাদক সেবনে–** (অনুধাবন)
i. শ্বাসনালির ৰতি হয় ii. হজমশক্তি নষ্ট হয়
iii. হৃদরোগ সারায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓪ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৯৬. **'মাদককে না বলব, নীতিধর্ম মেনে চলব'। উক্তিটি প্রমাণ করে–** (উচ্চতর দক্ষতা)
i. মাদক না গ্রহণ করার প্রতিজ্ঞা ii. নৈতিকতার প্রতি শ্রদ্ধাবোধ
iii. মাদকাসক্তি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓪ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৯৭ ও ৯৮নং প্রশ্নের উত্তর দাও :**
রনি খারাপ বন্ধুদের সাথে মিশে মাদকে আসক্ত হয়। মাদকের টাকা সংগ্রহ করতে পিতামাতা, ভাইবোনকে মারধর করে। বর্তমানে চলন্ত বাসে বিভিন্ন মিথ্যা অজুহাত দিয়ে ভিৰা করে। দিন দিন তার স্বাস্থ্য খারাপের দিকে যাচ্ছে।

৯৭. **মাদক সেবনে রনির কী হয়েছে?** (প্রয়োগ)
● মস্তিষ্ক বিকৃতি ⓪ সম্পদ ⓖ স্বাস্থ্য ⓘ বিদ্যা

৯৮. **রাবণের মাদক সেবনের পরিণতি প্রভাব ফেলবে—** (উচ্চতর দৰতা)
i. দেহে ii. পরিবারে iii. সমাজে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓪ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯৯ ও ১০০নং প্রশ্নের উত্তর দাও :**
রমেশ একজন মাতাল। তিনি প্রচুর অর্থ ব্যয় করেন। তার পরিবারে সবসময় কলহ লেগে থাকে।

৯৯. **রমেশের পরিবারে শান্তি না থাকার পেছনে সঠিক কারণ কোনটি?** (উচ্চতর দক্ষতা)
ⓚ অর্থ না থাকা ● মাদকদ্রব্য সেবন
ⓖ লোকজন না থাকা ⓘ পরিবার তাকে চায় না

১০০. **উদ্দীপকে ফুটে উঠেছে–** (প্রয়োগ)
i. মাদকদ্রব্য সেবন করা ii. পরিবারে শান্তি আনয়ন
iii. নিজের ও পরিবারের ৰতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও iii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
শ্বশুর–শাশুড়ি, দেবর–ননদ, ছেলে–মেয়ে নিয়ে পূরবী দত্তের সুখের সংসার। তাঁর স্বামী প্রবাসে চাকরি করেন। তিনি অত্যন্ত ধৈর্য সহকারে সংসারের সকল দায়িত্ব পালন করেন। তিনি পরিবারের বিভিন্ন কাজ যেমন– সন্তানের শিৰা, সম্পদ ক্রয়–বিক্রয়, বিবাহ প্রভৃতি ৰেত্রে সদস্যদের মতামতকে গুরবত্ব দিয়ে সিদ্ধান্ত নেন। এতে পরিবারের সবাই তাকে পছন্দ ও শ্রদ্ধা করে।

ক. ধর্মের কয়টি লৰণ রয়েছে ? ১
খ. 'ধর্ম হচ্ছে নৈতিক শিৰার একটি উপায়'—ব্যাখ্যা কর। ২
গ. পূরবী দত্তের চরিত্রে যে নৈতিক গুণটি ফুটে উঠেছে–তা নৈতিক মূল্যবোধ শিৰার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবার ও সমাজে শৃঙ্খলা আনয়নে উক্ত গুণটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তর

ক. ধর্মের দশটি লক্ষণ রয়েছে।

খ. ধর্ম নৈতিক শিক্ষা একটি উপায়। ধর্ম মানুষকে নৈতিক শিক্ষা গ্রহণের জন্য উপদেশ দেয়। নৈতিক জীবনযাপনের প্রতি উৎসাহিত করে। ধর্ম ছাড়া নৈতিক শিক্ষা লাভ করা সহজ নয়। নৈতিকতা ছাড়া ধর্ম পূর্ণ হয় না। নৈতিকতা ধর্মের একটি অংশ। নৈতিকতা শিক্ষার সবচেয়ে সহজ উপায় হচ্ছে ধর্মপথে চলা, ধর্মের অনুশাসন অনুযায়ী জীবনযাপন করা।

গ. পূরবী দত্তের চরিত্রে পরমতসহিষ্ণুতার নৈতিক গুণটি ফুটে উঠেছে। আমরা জানি, পরমতসহিষ্ণুতা একটি নৈতিক মূল্যবোধ। পরমতসহিষ্ণু ব্যক্তি সংসারের যেকোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে অন্যের মতকে প্রাধান্য দেন। তাদের মতামতকে গুরুত্ব দেন। নিজের মতকেও তাদের মাঝে প্রকাশ করেন। এভাবে তিনি নিজের মতের গুরুত্ব ও মূল্য পান।
উদ্দীপকেও আমরা দেখতে পাই যে, পূরবীর সুখের সংসার তার ছেলে–মেয়ে, শ্বশুর–শাশুড়ি ও দেবর–ননদ নিয়ে। প্রবাসী স্বামীর সংসারে অত্যন্ত ধৈর্যের সাথে তিনি সব দায়িত্ব পালন করেন। এতে পরিবারের সবাই তাকে অত্যন্ত পছন্দ করে। তাই বলা যায়

যে, পূরবী দত্তের চরিত্রে পরমতসহিষ্ণুতার নৈতিক গুণটি ফুটে উঠেছে।

ঘ. পরমতসহিষ্ণুতা পরিবারে ও সমাজে শৃঙ্খলা আনয়নে বিশেষ ভূমিকা পালন করে। এজন্য অন্যের মতামতকে গুরবত্ব দিতে হবে।

পরিবারে ও সমাজে একে অন্যের মতকে প্রাধান্য না দিলে সেখানে বিশৃঙ্খলা দ্বন্দ্ব ও হানাহানির সৃষ্টি হয়। একে অন্যকে মূল্য না দিয়ে নিজ মত প্রতিষ্ঠা করতে উদ্যোগী হয়। এটি স্বার্থপরতার বৈশিষ্ট্য। এতে সমাজে অশান্তি দেখা দেয়। সমাজে একে অন্যকে গুরুত্ব দিলে যেকোনো জটিল সমস্যা সমাধানের পথ সোজা হয়ে যায়।

উদ্দীপকেও দেখা যায় যে, পূরবীর স্বামী প্রবাসী হওয়া সত্ত্বেও পূরবী সবাইকে নিয়ে সুখী পরিবার গঠন করেছেন। শিৰা, সম্পদ, ক্রয়–বিক্রয়, বিবাহ প্রভৃতি ৰেত্রে পূরবী সবার মতকে গুরবত্ব দিয়ে কাজ করেন। এজন্য সবাই তাকে শ্রদ্ধা করে।

এছাড়া মতান্ধতা জন্ম দেয় ধর্মান্ধতার। আর ধর্মান্ধতা পরিণত হয় গোঁড়ামিতে– হিংস্র সাম্প্রদায়িকতায়। সুতরাং ব্যক্তিজীবন, সমাজজীবন ও রাষ্ট্রের ৰেত্রে পরমতসহিষ্ণুতা একটি গুরবত্বপূর্ণ নৈতিক গুণ, ধর্মেরও অঙ্গ। তাই বলা যায় যে, পরিবার ও সমাজে শৃঙ্খলা আনয়নে পরমতসহিষ্ণুতার গুণটি ভূমিকা পালন করে।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রিপন একজন সজ্জন ব্যক্তি। সকল ধর্মের সকল সম্প্রদায়ের মানুষ তার কাছে সমান। তিনি নিজে ধর্মপালন করেন অন্যকেও এ কাজে উৎসাহী করে তোলেন। তিনি মানুষকে পরোপকারী হওয়ার জন্য উপদেশ দেন এবং নিজেও সেটি মেনে চলেন। তিনি মনে করেন 'পরোপকার চরিত্রকে উন্নত করে'। **[ পাঠ–১, ২ ও ৩ ]**

ক. পরোপকার কী? ১
খ. সৎসাহস কাকে বলে? ২
গ. উদ্দীপকে গৌতম পরোপকারী হওয়ার পেছনের কারণ বর্ণনা কর। ৩
ঘ. 'পরোপকার চরিত্রকে উন্নত করে'– পাঠ্যবইয়ের আলোকে বিশেৰষণ কর। ৪

## ▸◂ ২নং প্রশ্নের উত্তর ▸◂

ক. কোনো স্বার্থের প্রত্যাশা না করে পরের মঙ্গলের জন্য যে কাজ তা–ই পরোপকার।

খ. নিজের বিপদ পরোয়া না করে কল্যাণকর কাজের প্রবৃত্তিই হলো সৎসাহস। নির্ভীকতার সাথে দুর্বলের পৰে লড়াই করাই সৎসাহস।

গ. উদ্দীপকের গৌতম আত্মতৃপ্তি লাভের জন্য পরোপকারী হয়েছে। আমরা জানি, পরোপকারের মধ্য দিয়ে জীবের সেবা করা হয়। জীবের মধ্যে ঈশ্বর আত্মারূ পে অবস্থান করেন। তাছাড়া পরোপকারের মাধ্যমে মানুষ উদার হয়। এটি নৈতিকতার অন্যতম দিক।

উদ্দীপকেও দেখা যায় যে, রিপন সজ্জন ব্যক্তি। তিনি সাম্যবাদী ও উদার। উপকার মানেই ভালো। রিপন নিজেকে পরোপকারে ব্রতী করেছিলেন। তিনি বিনিময়ে কোনো স্বার্থের প্রত্যাশা করতেন না। পরোপকারই তাকে উদার করেছে। তার মনে প্রশান্তি এনে দিয়েছে। পরোপকারে রিপন আত্মতৃপ্তি লাভ করেন। তিনি ধার্মিক হিসেবে পরোপকার সম্পর্কে জ্ঞাত হয়েছেন। পরোপকারের মধ্য দিয়ে জীবসেবা করা হয়। জীবের মধ্যে ঈশ্বর আত্মারূ পে অবস্থান করেন। তাই পরোপকারের মধ্য দিয়ে ঈশ্বরের সেবা করার জন্যই গৌতম পরোপকারী হয়েছেন।

ঘ. 'পরোকপকার চরিত্রকে উন্নত করে' প্রশ্নে উলিরখিত উক্তিটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। উপকার মানে ভালো করা। পরের ভালো করার নাম পরোপকার। কোনো স্বার্থের প্রত্যাশা না করে পরের মঙ্গলের জন্য যে কাজ করা হয়, তাই পরোপকার।

উদ্দীপকেও দেখা যায় যে, রিপন ধার্মিক ও পরোপকারী। তার ধর্মচর্চার একটি দিক হলো পরোপকার। তিনি জানেন, ঈশ্বর আত্মারূ পে জীবে বাস করেন। জীবের সেবা করলে, তার উপকার করলে ঈশ্বরের সেবা হয়। এভাবে তিনি নৈতিক গুণাবলি চর্চা করেন।

পরোপকার একটি নৈতিক গুণ। নৈতিক গুণ আমাদের অনৈতিক কাজ থেকে বিরত রাখে। পরোপকারের মাধ্যমেও মানুষ দুর্বলের সহায়তা করে। পরোপকারে মানুষের চিত্ত উদার হয়। পরোপকারীর মন প্রশান্ত হয়। পরোপকার করলে আত্মতৃপ্তি লাভ করা যায়। এর মাধ্যমে চারিত্রিক গুণাবলির বিকাশ ঘটে। মানবচরিত্র উন্নত হয়। সমাজের মানুষও উপকৃত হয়। রিপন তাই পরোপকারের মাধ্যমে উন্নত চরিত্রের অধিকারী হয়েছেন।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

বাসু সাহসী ও পরমতসহিষ্ণু। সে জানে, দুর্বলের পাশে দাঁড়ানো ও অন্যের মতামতের সাথে নিজেকে মিলিয়ে চলা এই দুটি নৈতিক গুণ থাকা প্রয়োজন। নিজ ও জাতির স্বার্থে সৎসাহস যেমন কাজ করতে সাহায্য করে, তেমনি সমাজে শান্তি, সম্প্রীতি ও শৃঙ্খলার ৰেত্রে পরমতসহিষ্ণুতা বলিষ্ঠ ভূমিকা রাখে। **[ পাঠ–৪, ৫ ও ৬ ]**

ক. মাদকাসক্তি কী? ১
খ. নৈতিক শিৰার কাজ কী? ২
গ. উদ্দীপকের উলিরখিত বাসু কেন সৎসাহসকে গুরবত্ব দেয়, তা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের সর্বশেষ কথাটির তাৎপর্য বিশেৰষণ কর। ৪

## ▸◂ ৩নং প্রশ্নের উত্তর ▸◂

ক. মাদকাসক্তি বলতে বোঝায় মাদকদ্রব্যের ওপর নির্ভরশীলতা এবং গ্রহণের ঐকান্তিক আগ্রহ।

খ. ব্যক্তিকে সামাজিক ও ব্যক্তিজীবনে সঠিক আচরণে সচেষ্ট করাই নৈতিক শিৰার কাজ। নৈতিক শিৰা ধর্মীয় শুভ চেতনাকে জাগ্রত করে, ধর্ম নৈতিক শিৰার ভিত্তিকে দৃঢ়তর করে তোলে।

গ. জীবনের যে কোনো বাস্তব ৰেত্রে প্রয়োজনীয় কাজ যথাযথভাবে করার জন্য বাসু সৎসাহসকে গুরবত্ব দেয়। দেশ ও জাতির স্বার্থে কাজ করতে সৎসাহস প্রয়োজন। নিজের বিপদ জেনেও কল্যাণকর কাজ করার প্রবৃত্তিই সৎসাহস। জীবনে যে কোনো কাজে সৎসাহস দেখানো প্রয়োজন। কেননা সৎসাহস মনোবল বাড়ায়। জীবনে নানা সময়ে বিভিন্ন প্রতিকূলতা দেখা দেয়। এ প্রতিকূলতা মোকাবেলায় নির্ভীকতার প্রয়োজন রয়েছে। সমাজে সবল ও দুর্বল লোকের বাস। সবলরা সাধারণত দুর্বলের ওপর অত্যাচার করে। তখন দুর্বলদের পাশে দাঁড়াতে প্রয়োজন সৎসাহসের। সৎসাহসী ব্যক্তিরাই দুর্বলের পৰে লড়াই করে।

উদ্দীপকে দেখা যায় যে, বাসু সাহিসকতা অর্জনের জন্য সদা সচেষ্ট। সে মনে করে দুর্বলের পাশে দাঁড়াতে, জাতির স্বার্থে সৎসাহস প্রয়োজন। আর তাই বাসু সৎসাহসকে গুরবত্ব দেয়।

ঘ. সমাজে শান্তি, সম্প্রীতি ও শৃঙ্খলার ৰেত্রে পরমতসহিষ্ণুতা বলিষ্ঠ ভূমিকা রাখে। প্রশ্নে উলিরখিত উক্তিটি অত্যন্ত গুরবত্বপূর্ণ। পৃথিবীতে অনেক মত, অনেক পথ আছে। ধর্ম পালনের ৰেত্রেও নানা মত ও পথের সৃষ্টি হয়েছে। সকল মত ও পথকে, সকল ধর্মকে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে পরমতসহিষ্ণুতা প্রকাশ পায়।

উদ্দীপকে দেখা যায়, বাসু পরমতসহিষ্ণু ব্যক্তি। সে অন্যের মতামতের সাথে মিলে চলতে পরমতসহিষ্ণুতা অর্জন করে। সমাজে সবাই মিলেমিশে বসবাস করে। সকল মানুষের রয়েছে নিজস্ব মত। অন্যের

মতামতকেও গুরবত্ব দেওয়া হলে সমাজে সকলের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হয়। সকল মত ও ধর্মকে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে পরমতসহিষ্ণুতা প্রকাশ পায়। প্রতিষ্ঠিত হয় সম্প্রীতি। সমাজের শৃঙ্খলার অন্যতম উপাদান পরমতসহিষ্ণুতা। পরের মতকে গুরবত্ব না দিলে, স্বীকৃতি না দিলে, মতবিরোধ হয়। এ ধরনের মতানৈক্য ধর্মান্ধতার জন্ম দেয়। আর পরিণত হয় গোঁড়ামি তথা হিংস্র সাম্প্রদায়িকতায়। তাই পরমতসহিষ্ণুতা গুরবত্বপূর্ণ একটি নৈতিক গুণ। ব্যক্তিজীবন, সমাজজীবন ও রাষ্ট্রের শৃঙ্খলার ৰেত্রে বাসু তাই পরমতসহিষ্ণুতাকে গুরবত্ব দেয়।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সরোজ দেব মাদক সেবনের জন্য অসৎ পথে অর্থ উপার্জন করত। এক সময় সে সমাজ ও পরিবারের সহায়তায় সুস্থ হয়ে ওঠে। এখন সে উপলব্ধি করেছে, মাদকদ্রব্য সেবন একটি মারাত্মক রোগ। মাদকের নেশা পরিবার ও সমাজের জন্য অভিশাপস্বর় প। [ পাঠ–৭ ও ৮ ]

ক. উদারতা কী? ১

খ. ধর্মীয় জ্ঞান কখন সার্থক হবে? ২

গ. সরোজ দেবের উপলব্ধি কতটা বাস্তবসম্মত? পাঠ্যবইয়ের আলোকে বিশেৱষণ কর। ৩

ঘ. মাদক সেবনের ফলে সরোজ দেবের কি রোগ সৃষ্টি হতে পারতো তার বর্ণনা দাও। ৪

### ▸◂ ৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. উদারতা হলো চরিত্রের মহত্ত্ব বা সাধুতা।

খ. ধর্মীয় জ্ঞান আহরণ করে বাস্তবজীবনে তা প্রয়োগ করলে ধর্মীয় জ্ঞান সার্থক হবে।
জীবের মধ্যে আত্মার় পে ঈশ্বর অবস্থান করেন। এটি একটি ধর্মীয় শিৰা। শুধু এ শিৰা গ্রহণ করলেই ধর্মীয় জ্ঞান অর্জন সার্থক হয় না। ধর্মীয় জ্ঞান বাস্তবে প্রয়োগ করলে এ জ্ঞান সার্থক হয়।

গ. সরোজ দেবের উপলব্ধি শতভাগ বাস্তবসম্মত।
আমরা জানি, মাদক সেবন ব্যক্তির দেহের, মনের এবং অর্থের ৰতি করে। সমাজ ও পরিবারের জন্য অমঙ্গল ডেকে আনে। এমনকি তার মস্তিষ্কের বিকৃতি ঘটায়। সে কী করছে, কোথায় যাচ্ছে, কী খাচ্ছে মস্তিষ্ক বিকৃতির কারণে কিছুই বুঝতে পারে না।
উদ্দীপকেও দেখা যায়, সরোজ দেব মাদকাসক্ত ছিল। মাদকদ্রব্য ক্রয়ের জন্য মাদকসেবী হিসেবে তার প্রতিদিন প্রচুর অর্থ ব্যয় করতে হতো। এ অর্থ যোগাড় করতে কখনো সে অসদুপায় অবলম্বন করেছে। সে জড়িয়েছে অনেক অনৈতিক কাজে। তার চিকিৎসা করাতেও যথেষ্ট অর্থ ব্যয় হয়েছে। তাই বলা যায় যে, সরোজ দেবের উপলব্ধি শতভাগ বাস্তবসম্মত।

ঘ. মাদক সেবনের ফলে বিভিন্ন রোগের সৃষ্টি হয়। কারণ বিড়ি, সিগারেট, তামাক, মদ, গাঁজা, হেরোইন, প্যাথেড্রিন, ফেনসিডিল প্রভৃতি মানুষের জন্য অত্যন্ত ৰতিকর।
উদ্দীপকে দেখা যায় যে সরোজ নামক ব্যক্তি মাদক সেবন করার জন্য অসৎ পন্থায় অর্থ উপার্জন করত। পরে পরিবার ও সমাজের ঐকান্তিক চেষ্টায় সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসে।কিন্তু মাদক গ্রহণ করলে অনেক রোগের সৃষ্টি হয়, তা সে উপলব্ধি করতে পেরেছিল। কেননা মাদক মানুষের দেহ ও মনের ৰতি করে। মাদক সেবনে মানুষের রবচি নষ্ট হয়। খাবারের প্রতি অরবচি দেহকে দুর্বল করে তাই বদহজম বা হজম শক্তি নষ্ট হয়ে যায়। শরীরে পুষ্টিহীনতা দেখা দেয়। মাদক সেবনের ফলে শ্বাসনালির ৰতি হয়। স্থায়ীভাবে কাশি ও কফ মাদকাসক্তির অন্যতম কুফল। মাদক শ্বাসনালিকে দুর্বল করে হাঁপানি রোগের সৃষ্টি করে। মাদকাসক্তির ফলে ফুসফুসের ক্যান্সারসহ নানা রোগ দেখা দেয়। মানসিক রোগের সৃষ্টি করে অতিরিক্ত মাদক সেবন। মাদকাসক্ত অবস্থায় বিবেক–বুদ্ধি লোপ পায়। তাই মাদকাসক্ত ব্যক্তি কুকাজে লিপ্ত হয়। কখনো কখনো উন্মাদও হয়ে যায়।

## ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ জীবের মধ্যে আত্মারূপে কে অবস্থান করেন?**
**উত্তর :** জীবের মধ্যে আত্মার় পে ঈশ্বর অবস্থান করেন।

**প্রশ্ন ॥ ২ ॥ নৈতিক শিক্ষার একটি উপায় কী?**
**উত্তর :** নৈতিক শিৰার একটি উপায় হলো ধর্ম।

**প্রশ্ন ॥ ৩ ॥ 'উদার' শব্দটির অর্থ কী?**
**উত্তর :** 'উদার' শব্দটির অর্থ হচ্ছে মহান, সজ্জন বা সাধু।

**প্রশ্ন ॥ ৪ ॥ উদারতা কী করে?**
**উত্তর :** উদারতা ব্যক্তির চরিত্রকে উন্নত করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ 'সাহস' শব্দটির মানে কী?**
**উত্তর :** 'সাহস' শব্দটির মানে হচ্ছে ভয় না পেয়ে কোনো কাজ করতে এগিয়ে যাওয়া।

**প্রশ্ন ॥ ৬ ॥ সৎসাহস কী বাড়ায়?**
**উত্তর :** মনোবল বাড়ায়।

## ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ কীভাবে ধর্মীয় জ্ঞান অর্জন সার্থক হবে?**
**উত্তর :** ধর্ম শিৰা দ্বারা লব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ করলে ধর্মীয় জ্ঞান অর্জন সার্থক হবে।
ধর্মশিক্ষার মধ্য দিয়ে আমরা যে জ্ঞান লাভ করি, তখন তাকে জীবনে ও সমাজে প্রয়োগ করতে হয়। জীবের মধ্যে আত্মারূপে ঈশ্বর অবস্থান করেন–এ ধর্মীয় শিক্ষা গ্রহণ করলাম এবং এর মধ্যেই থেমে থাকলাম, তাতে কোনো লাভ নেই। যদি আমরা জীবের মধ্যে আত্মার় পে ঈশ্বর আছেন জেনেও জীবকে ঈশ্বর জ্ঞানে শ্রদ্ধা করি এবং জীবের সেবা করি, তাহলেই সে জ্ঞান অর্জন সার্থক হবে।

**প্রশ্ন ॥ ২ ॥ 'উদারতা ব্যক্তির চরিত্রকে উন্নত করে'–ব্যাখ্যা কর।**
**উত্তর :** উদারতা হচ্ছে চরিত্রের মহত্ত্ব বা সাধুতা।
উদার ব্যক্তি কখনো এটা পেলাম না, ওটা পেলাম না বলে হা–হুতাশ করেন না। তিনি কখনো বঞ্চিত বোধ করেন না। পাওয়াতে নয়, দেওয়াতেই তার আনন্দ। এই ব্যক্তির চরিত্রকে উন্নত করে গড়ে তোলে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কীভাবে পরমতসহিষ্ণুতা প্রকাশ পায়? ব্যাখ্যা কর।**
**উত্তর :** অন্যের মতকে শ্রদ্ধা করা ও সহনশীলতা প্রকাশ করার মাধ্যমেই পরমতসহিষ্ণুতা প্রকাশ পায়।
অন্যের মতকে শ্রদ্ধা করা, অন্যের মতের প্রতি সহনশীল হওয়াকেই বলে পরমতসহিষ্ণুতা। পৃথিবীতে অনেক মত, অনেক পথ আছে। ধর্মপালনের ক্ষেত্রেও নানা মত ও পথের সৃষ্টি হয়েছে। ব্যক্তিজীবন, সমাজজীবন ও রাষ্ট্রের ক্ষেত্রে পরমতসহিষ্ণুতা একটি গুরুত্বপূর্ণ নৈতিক গুণ। তাই সকল মত ও পথকে, সকল ধর্মকে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে পরমতসহিষ্ণুতা প্রকাশ পায়।